



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২১০৪

তারিখ: ৩০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

### বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২২৪২৩১৩১৫৬১১/৮৩৮৪৮/নথি নং-১২৩; তারিখ: ০৭.১২.২০২৩

২। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৬.২৩.২০৭৪; তারিখ: ২৮.০২.২০২৪

৩। উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০০২.০০৩.২৪.৪৯৬; তারিখ: ২৯.০৪.২০২৪

৪। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৯৮; তারিখ: ০৯.০৬.২০২৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কক্সবাজার জেলা মহেশখালী উপজেলাধীন তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হত্যা মামলার ভয় দেখিয়ে জোরপূর্বক দাতাসদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য সৃজন করিয়ে বাধ্য করেছেন মর্মে জনাব মো: ছরোয়ার কামাল (সুপার ভারপ্রাপ্ত) একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার-কে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে একখানা প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: ছরোয়ার কামাল (সুপার ভারপ্রাপ্ত) যে অভিযোগ দাখিল করেন তার সত্যতা পাওয়া যায় এবং বোর্ড কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি বিধিসম্মতভাবে গঠিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন। তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না তাঁর জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ০৪ নং স্মারকে সুপার ও সভাপতিকে কারণ দর্শানো হয়। সুপার ও সভাপতি জবাব বোর্ডে প্রেরণ করেছেন। সভাপতি যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয় এবং অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দিলে সুপারের কোন আপত্তি নাই মর্মে জবাবে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, সভাপতির জবাব সন্তোষজনক না হওয়ায় এবং অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দিলে সুপারের কোন আপত্তি না থাকায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্জে দেয়া হলো এবং একইসাথে এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করতে মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৪-০৭-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

০২৯৬১২৮৫৮ (ফোন)

registrar@bmeb.gov.bd

ভারপ্রাপ্ত সুপার, তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসা, কুতুবজোম, মহেশখালী, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২১০৪/১(৬)

তারিখ: ৩০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার;
- ৪। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
- ৫। ম্যানেজার, সোনালি/জনতা/রূপালী /অগ্রণী ব্যাংক পিএলসি.....শাখা, মহেশখালী, কক্সবাজার এবং
- ৬। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



১৪-০৭-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার